



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

4 OCTOBER 2024

7:35 AM IST

=====

রাজ্যের প্রশাসনিক ব্যবস্থাকে আরো সুষ্ঠুভাবে পরিচালনা করার লক্ষ্যে আজ ও আগামীকাল পর্যায়ক্রমে আসামের ২১টি জেলায় ৩৯টি সম-জেলার উদ্বোধন করা হবে। রাজ্যের অন্যান্য জেলার সঙ্গে কাছাড়ের লক্ষ্মীপুর এবং করিমগঞ্জ জেলার পাথারকান্দি ও রামকৃষ্ণনগরকে সম-জেলা হিসেবে ঘোষণা করা হয়েছে। রাজ্যের জনস্বাস্থ্য ও কারিগরি মন্ত্রী জয়ন্তমল্ল বড়ুয়া আজ ও আগামীকাল বরাক উপত্যকার এই তিনটি সম-জেলার আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। মন্ত্রী শ্রী বরুয়া আজ সকাল এগারোটায় রামকৃষ্ণ নগরে এবং দুপুর ২ টো-৩৫ মিনিটে পাথারকান্দিতে এই সম-জেলার উদ্বোধন করা হবে। এছারা মন্ত্রী শ্রী বরুয়া আগামীকাল লক্ষ্মীপুরে সম-জেলার উদ্বোধন করবেন। উল্লেখ্য- ধুবড়ি জেলার বিলাসীপাড়া এবং গোলকগঞ্জকে সম-জেলা হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে। অনুরূপভাবে বঙাইগাওয়ের অভয়াপুরী, কামরূপ জেলার রঙিয়া, নগাঁও জেলার কলিয়াবর এবং রহাকে সম-জেলা হিসেবে ঘোষণা করা হয়েছে।

উল্লেখ্য-রাজ্য মন্ত্রিসভার সিদ্ধান্ত অনুযায়ী রাজ্য সরকারের পূর্বঘোষিত উপ-জেলাগুলিকে বর্তমানে সম-জেলা হিসেবে নামাঙ্কিত করা হয়েছে।

গৌহাটি হাইকোর্ট এক নির্দেশে রাজ্যে চলতে থাকা লটারির ব্যবসাকে নিষিদ্ধ বলে ঘোষণা করেছে। গতকাল হাইকোর্টের মুখ্য বিচারপতি বিজয় বিষয় এবং বিচারপতি উন্নীকৃষ্ণ নায়ারের ডিভিসন বেঞ্চ অফলাইন এবং অনলাইন, কোনো মাধ্যমেই রাজ্যে লটারি আয়োজনের অনুমতি দেওয়া হবে না বলে জানিয়েছে। এরজন্য রাজ্যের সব জেলা আয়ুক্ত এবং পুলিশ সুপারদের প্রতি নির্দেশ জারি করতে

আসাম সরকারকে নির্দেশ দিয়েছে । একইসঙ্গে অবৈধভাবে কোনো লটারির আয়োজনের ঘটনা দৃষ্টিগোচর হলে সঙ্গে সঙ্গে সেইসব আয়োজকদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নিতে পুলিশ সুপারদের নির্দেশ দেওয়া হয়েছে ।

রাজ্যের শিক্ষা বিভাগ জানিয়েছেন যে আনন্দরাম বড়ুয়া নগদ অর্থ প্রদান প্রকল্পের আওতায় আবেদন করা ছাত্র-ছাত্রীদের মধ্যে ৯৮২ জনের ব্যাংক অ্যাকাউন্টের সঙ্গে তথ্যের অসঙ্গতি ধরা পড়েছে । এর পরিপ্রেক্ষিতে রাজ্যের শিক্ষা বিভাগ বিদ্যালয়গুলির প্রধানদের এসব ছাত্র-ছাত্রীর সঙ্গে যোগাযোগ করে আগামীকালের মধ্যে তাদের ব্যাংক অ্যাকাউন্টের সঠিক তথ্য সহ নতুন করে আবেদন করতে নির্দেশ দেওয়া হয়েছে । নির্দেশে আরও জানানো হয়েছে যে- ২০২৪ সালের মাধ্যমিক পরীক্ষায় ৭৫ শতাংশের বেশি নম্বর পাওয়া মোট ২৬ হাজার ৯৬৯ জন শিক্ষার্থী আনন্দরাম বড়ুয়া নগদ অর্থ প্রদান প্রকল্পের যোগ্য বিবেচিত হয়েছিল ।

এদিকে রাজ্যের সামাজিক ন্যায় ও সবলীকরণ বিভাগ থেকে দিব্যাঙ্গ ছাত্র-ছাত্রীদের জন্যে নির্দিষ্ট জলপানি প্রকল্পের আওতায় ইচ্ছুক শিক্ষার্থীদের কাছ থেকে আবেদন পত্র চাওয়া হয়েছে । এই প্রকল্পের অধীনে প্রাথমিক বিদ্যালয় থেকে স্নাতকোত্তর পর্যায় পর্যন্ত অধ্যয়নরত দিব্যাঙ্গ ছাত্র-ছাত্রীদের মাসিক দুশো টাকা করে জলপানি দেওয়ার ব্যবস্থা রয়েছে । ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের আগামী ১৬ই অক্টোবরের মধ্যে সংশ্লিষ্ট জেলা সমাজকল্যাণ আধিকারিকের কার্যালয়ে আবেদন পত্র জমা করতে বলা হয়েছে ।

কাজী নজরুল ইসলামের ১২৫ তম জন্মবর্ষ উদযাপন উপলক্ষ্যে আজ সোনাই-র মাধব চন্দ্র দাস কলেজে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । কলেজ অধ্যক্ষ বাহারুল ইসলাম লস্করের পৌরহিত্যে আয়োজিত আলোচনা সভায় আসাম বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য অধ্যাপক তপোধীর ভট্টাচার্য্য মুখ্য বক্তা হিসেবে কাজী নজরুলের সাহিত্য ও সমাজ ভাবনা নিয়ে বক্তব্য রাখেন । এছাড়া সমিতির প্রচার সচিব মিলন উদ্দিন লস্কর , বাচিক শিল্পী শান্তনু সেনগুপ্ত , কলেজ উপাধ্যক্ষ আব্দুল মতিন প্রমুখ বক্তব্য রাখেন ।

সমগ্র রাজ্যের সঙ্গে হাইলাকান্দি জেলায় ও আগামী ১৩ই নভেম্বর থেকে খেল মহারনের দ্বিতীয় পর্ব শুরু হবে। এ উপলক্ষ্যে জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে খেল মহারণে অনলাইন নাম পঞ্জীয়নের জন্য খেলোয়াড়দের প্রতি আবেদন জানিয়েছেন। এ জন্য www.dsywassam.com.khel এ আবেদন করতে হবে। উল্লেখ্য বাডি, খোপ-খো, ভলিবল ইভেন্টের খেলা খেল মহারণে অনুষ্ঠিত হবে।

বিহাড়া দেশবন্ধু ক্লাব আয়োজিত সতেন্দ্র ও ভেলী ভট্টাচার্য স্মৃতি ফুটবল প্রতিযোগিতার ফাইনাল খেলা আগামীকাল বিহাড়া যুধিষ্টির সাহা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে অনুষ্ঠিত হবে। ফাইনাল খেলায় শিলচরের সাংসদ পরিমল শুরুবৈদ্য, রাজ্যসভার সাংসদ সুস্মিতা দেব, বিধায়ক খলিল উদ্দিন মজুমদার, কমলাক্ষ্য দে পুরকায়স্থ প্রমুখ উপস্থিত থাকবেন।

আনিপুর-দুর্লভছড়া-জামুয়াং সড়কের ৭১০০ মিটার অংশে ৮/১ নম্বর বাগ সেতুর নীচের অংশে কাঠামো দুর্বল হয়ে পড়ায় ওই সেতুর ওপর দিয়ে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত সবধড়নের যান চলাচল সাময়িকভাবে বন্ধ থাকবে বলে পূর্ত গ্রামীণ সড়ক শাখার পাথারকান্দি ও রামকৃষ্ণনগর সড়ক শাখার নির্বাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন। এতে ওই সেতু বন্ধ থাকাকালীন সময়ে যানবাহন বিকল্প সড়ক হিসেবে আনিপুর তেমাথা-বিদ্যানগর তেমাথা-বিদ্যানগর-মোকামছড়া-দুর্লভছড়া দিয়ে চলাচল করতে পারবে বলে জানানো হয়েছে।
